



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিচালন বাজেট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০০২.২৩-৪৪

তারিখঃ ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে পরিচালন বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ মঞ্জুরি হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা (সংশোধিত-২০২১) জারি করা হয়েছে। উক্ত নীতিমালাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (www.tmed.gov.bd) আপলোড করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান গড়ার নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা হবে;
- খ) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী তাদের জটিল ও ব্যয়বহুল রোগ এবং দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরির আবেদন করতে পারবেন;
- গ) সরকারি বা বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ জটিল ও ব্যয়বহুল রোগ, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধী, দরিদ্র মেধাবী ও অনগ্রসর সম্প্রদায়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- ঘ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের **আগামী ০৫ ফেব্রুয়ারি, ২০২৩ থেকে ০৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে (www.tmed.gov.bd) “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদানের আবেদন ফরম” বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- ঙ) বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী/শিক্ষার্থীদের অনুদানের আবেদনের ক্ষেত্রে অনুদান প্রাপ্তির আবেদনের সাথে নীতিমালায় (www.tmed.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে) উল্লেখিত সুনির্দিষ্ট কারণসহ প্রতিষ্ঠানের/প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতির প্রত্যয়ন এবং শিক্ষক-কর্মচারী/শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন আপলোড করতে হবে;
- চ) চিকিৎসা সংক্রান্ত অনুদানের আবেদনের ক্ষেত্রে যাবতীয় ব্যয়ের প্রমাণাদিসহ ডাক্তারী সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যায়িত প্রমাণকপত্র অবশ্যই আপলোড করতে হবে।
- ছ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করা হবে এবং শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষক-কর্মচারীকে স্ব-স্ব মোবাইল নম্বর এবং শিক্ষার্থীকে নিজ/পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর (আবেদনের আগেই মোবাইল নম্বরটি নগদ সিস্টেমে রেজিস্ট্রি করা থাকলে সুবিধাজনক হবে) দিতে হবে;
- জ) আবেদনকারী শিক্ষক-কর্মচারীকে তাদের জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষার্থীদেরকে তাদের জন্মসনদ/জাতীয় পরিচয়পত্র এবং পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র অবশ্যই আপলোড করতে হবে;
- ঝ) ধারাবাহিকভাবে ২০২১-২০২২ অর্থবছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুদান পেয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী এ বছর (চলতি ২০২২-২০২৩ অর্থবছরে) আর্থিক অনুদানের জন্য আবেদনের যোগ্য বিবেচিত হবেন না;
- ঞ) নীতিমালায় যা কিছুই থাকুক না কেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিজস্ব বিবেচনায় বিশেষ ক্ষেত্রে অস্বচ্ছল শিক্ষার্থী/শিক্ষক-কর্মচারী/শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে এ খাত থেকে অর্থ মঞ্জুরি করার ক্ষমতা সংরক্ষণ করে;
- ট) আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

(মোহাম্মদুর রহমান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৪১৮